

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৬৮
ধর্মনগর, ১২ জানুয়ারি, ২০২৪

ধর্মনগর মহকুমায় ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ

সীমান্ত এলাকায় অপরাধ দমন ও অবৈধ কার্যকলাপ বন্ধ করতে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে ধর্মনগর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করেছেন। এই আদেশ গত ৯ জানুয়ারি থেকে কার্যকর হয়েছে এবং তা আগামী ৭ এপ্রিল পর্যন্ত বলিবৎ থাকবে। মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকার বিপি নং ১৮০০/৩-আরআই থেকে বিপি নং ১৮৪২/এম পর্যন্ত সীমান্তের ৫০০ মিটারের মধ্যে এই বিধিনিষেধ আরোপ করা হয়েছে। সিআরপিসি'র ১৪৪ ধারায় এই বিধিনিষেধ উক্ত সময়ে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত বলিবৎ থাকবে। তবে আইন শৃঙ্খলার কাজে নিযুক্ত পুলিশ, আধাসামরিক বাহিনীর জওয়ান, পুলিশ সুপার ও মহকুমা শাসকের অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরী পরিষেবার সাথে যুক্ত সরকারি কর্মী, তাৎক্ষণিক চিকিৎসা প্রয়োজন এমন রোগীদের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এই আদেশ অমান্য করলে সিআরপিসি'র ১৮৮ ধারায় ব্যবস্থা নেওয়া হবে।
